# 12527 - সাহু সজিদার কারণসমূহ

প্রশ্ন

মুসল্লীকে কখন নামাযে সাহু সজিদাহ দতিে হবে?

উত্তররে সংক্ষপ্তিসার

উত্তররে সারাংশ: নামাযে সাহু সজিদাহর কারণ তনিটি। যথা: বৃদ্ধি, কমত ও সন্দহে। যদি মুসল্লী কোনো ওয়াজবি ছড়েে দয়ে অথবা রাকাতরে সংখ্যার ব্যাপারে সন্দহেে ভুগনে এবং সন্দহেরে দুইপ্রান্তরে কোনোটি তার কাছে প্রাধান্য না পায় তাহলে তাকে সালামরে আগে সাহু সজিদাহ দতিে হবে। আর যদি নামাযে কোন কছিু বাড়তি করনে কংিবা সন্দহে করনে এবং সন্দহেরে প্রান্তদ্বয়রে কোন একটি তার কাছে প্রাধান্য পায় তাহলে সালামরে পরে সাহু সজিদাহ দতিে হবে।

প্রয়িে উত্তর

আলহামদু লল্লিাহ।.

## এক: সাহু সজিদার বধিবিদ্ধতা

বান্দাদরে প্রতি আল্লাহর অনুগ্রহ এবং এই পূর্ণাঙ্গ দ্বীনরে অন্যতম সৌন্দর্যরে নদির্শন হল তাদরে ইবাদতে যে ঘাটতি প্রবশে করে তা পূরণরে বধিান তনিি প্রদান করছেনে, যে ঘাটতি থকেে তারা পুরোপুরি বঁেচে থাকতে পারে না। সটো নফল ইবাদতরে মাধ্যমে কংিবা ক্ষমা প্রার্থনার মাধ্যমে কংিবা অনুরূপ কছিুর মাধ্যমে।

বান্দাদরে নামাযে আপততি ঘাটতি পূরণরে জন্য আল্লাহ তার বান্দাদরেকে সাহু সজিদার বধিান দয়িছেনে। তবে এই বধিান আরোপ করা হয়ছেে কছিু নর্দিষ্টি বষিয়রে ক্ষতপূরণরে জন্য। সকল কছিুর ক্ষতি সাহু সজিদা পূরণ করবে না কংিবা সব কছিুর জন্য সাহু সজিদা দয়োর বধিান নইে।

## দুই: সাহু সজিদার কারণসমূহ

সাহু সজিদার কারণসমূহরে ব্যাপারে শাইখ ইবনে উছাইমীনকে জজ্ঞিাসা করা হয়ছেলি। তনিি উত্তর দনে:

সাকুল্যে নামাযে সাহু সজিদার কারণ তনিটি:

১. বৃদ্ধি

২. কমতি

৩. সন্দহে

বৃদ্ধরি উদাহরণ হলো: কউে একটা রুকু, একটা সজিদাহ, একটা দাঁড়ানো বা একটা বসা বৃদ্ধি করা।

কমতরি উদাহরণ হলো: কউে নামাযরে কোনে একটা রোকন বা নামাযরে কোনে একটা ওয়াজবি কম করা।

সন্দহেরে উদাহরণ হলো: কোনে ব্যক্তি নামাযরে সংখ্যা নয়িে দ্বধিায় পড়ে যাওয়া; যমেন সে কি তনি রাকাত পড়ছেে; নাকি চার রাকাত।

## তনি: নামাযে বৃদ্ধরি কছিু রূপ

নামাযে একজন মানুষ যদি একটা রুকু, একটা সজিদা, একটা দাঁড়ানো বা একটা বসা ইচ্ছা করে বৃদ্ধি করে— তাহলে তার নামায বাতলি হয়ে যাবে। কারণ সে নামাযে কছিু বৃদ্ধি করার অর্থ হলো আল্লাহ তায়ালা ও তাঁর রাসূলরে নর্িদশেতি পদ্ধতরি ভনি্ন পদ্ধততিে নামায পড়া। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছেনে: "যে ব্যক্তি এমন কোনে আমল করল যা আমাদরে নর্িদশেনার ভত্তিততিে নয়— তা প্রত্যাখ্যাত।"[সহীহ মুসলমি (১৭১৮)]

আর যদি ভুলবশতঃ বৃদ্ধি করে তাহলে নামায বাতলি হবে না। কন্িতু সালামরে পর সাহু সজিদা দতিে হবে। এর পক্ষে দলীল হলো আবু হুরাইরা রাদয়িাল্লাহু আনহুর হাদীস; যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বকিলেরে দুই নামাযরে কোনো এক নামাযে, সটো যোহর কংিবা আসর, দুই রাকাত পড়ে সালাম ফরিয়িে ফলেনে। তারা (সাহাবীরা) যখন বষিয়টি তাঁকে জানাল তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাকি নামায পড়ে সালাম ফরোলনে। সালামরে পর তনিি দুটি সজিদাহ দলিনে।'[হাদীসটি বুখারী (৪৮২) ও মুসলমি (৫৭৩) বর্ণনা করছেনে]।

আরো একটি দলীল হল ইবনে মাসউদ রাদয়িাল্লাহু আনহুর হাদীস, তনিি বর্ণনা করনে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদরে নয়িে যোহররে নামায পাঁচ রাকাত পড়ালনে। নামায শষেে তাঁকে জজ্ঞিাসা করা হল: 'নামাযে কি বৃদ্ধি করা হয়ছেে?' তনিি বললনে: "এ প্রশ্ন কনে?" তারা বলল: আপনি পাঁচ রাকাত নামায পড়ছেনে। তনিি তখন তার দুই পা ঘুরয়িে কবিলামুখী হলনে এবং দুটি সজিদাহ দলিনে।'[হাদীসটি বুখারী (৪০৪) ও মুসলমি (৫৭২)]

## চার: নামাযে কমতির কিছু রূপ

আর কমতি হলো: যদি কেউ নামাযের কোনো একটা রোকন কমায় এক্ষেত্রে তার অবস্থা হতে পারে পরবর্তী রাকাতে ঐ রোকনের স্থানে পৌঁছানোর আগে তার স্মরণ পড়বে। তখন তার উপর আবশ্যক হল ঐ রোকনে ফিরে এসে সেটা থেকে পরবর্তী আমলগুলো সম্পন্ন করা।

আর যদি পরবর্তী রাকাতে ঐ রোকনের স্থানে পৌঁছার পর মনে পড়ে তাহলে দ্বিতীয় রাকাতটি আগের রোকন ত্যাগকৃত রাকাতের স্থলাভিষিক্ত হবে। আর ঐ রাকাতের বদলে অন্য একটি রাকাত পড়ে নিবে। এ দুটো অবস্থাতেই সালামের পরে তাকে সাহু সিজদাহ দিতে হবে।

এর উদাহরণ হলো: এক ব্যক্তি প্রথম রাকাতের প্রথম সিজদা দেওয়ার পর দাঁড়িয়ে গেলে, আর বসল না এবং দ্বিতীয় সিজদাও দিল না। যখন ক্বেরাত শুরু করল তখন তার মনে পড়ল যে সে সিজদাহ দেয়নি এবং দুই সিজদার মাঝে বসেনি। তখন সে ফিরে গিয়ে দুই সিজদার মাঝে বসবে, তারপর (দ্বিতীয়) সিজদাহ দিবে, তারপর দাঁড়িয়ে নামাযের বাকিটুকু শেষ করবে। নামাযের সালাম ফেরানোর পর সাহু সিজদাহ দিবে।

আর যে ব্যক্তির দ্বিতীয় রাকাতে ঐ স্থানে পৌঁছানোর আগে মনে পড়েনি তার উদাহরণ হলো: সে প্রথম রাকাতে প্রথম সিজদাহ থেকে দাঁড়িয়ে গেলে, দ্বিতীয় সিজদাহ দিল না এবং দুই সিজদার মাঝে বসল না। তবে দ্বিতীয় রাকাতে দুই সিজদার মাঝে বসার আগ পর্যন্ত বিষয়টা তার মনে পড়ল না। এমন অবস্থায় তার দ্বিতীয় রাকাতটাই হয়ে যাবে প্রথম রাকাত। সে নামাযে এক রাকাত বৃদ্ধি করে সালাম ফিরিয়ে তারপরে সাহু সিজদাহ দিবে।

নামাযে ওয়াজিবের কমতি: কেউ যদি একটা ওয়াজিব আদায় না করে পরবর্তী স্থানে চলে যায়, যেমন: سُبْحَانَ رَبِّيَ الأَعْلَى (সুবহানা রাব্বিয়াল আ'লা) বলতে ভুলে যায় এবং সিজদা থেকে মাথা তুলে ফেলার আগে তার মনে না পড়ে; তাহলে সে ভুলবশতঃ নামাযের একটা ওয়াজিব ত্যাগ করল। এমতাবস্থায় সে নামায চালিয়ে যাবে এবং সালাম ফেরানোর আগে সাহু সিজদাহ দিবে। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম বৈঠক ছেড়ে দেওয়ার পরও নামায চালিয়ে গিয়েছিলেন বৈঠকে ফিরে আসেননি। সালাম ফেরানোর আগে তিনি সাহু সিজদাহ দিয়েছিলেন।

## পাঁচ: নামাযে সন্দেহের কিছু রূপ

সন্দেহ হলো বৃদ্ধি ও কমতির মাঝে দ্বিধা। যেমন: কেউ যদি দ্বিধায় পড়ে যায় হয় যে সে কি তিন রাকাত নামায পড়েছে; নাকি চার রাকাত। এক্ষেত্রে তার দুই অবস্থা:

হয়তো তার কাছে দুটির একটি প্রাধান্য পাবে: কমতি বা বৃদ্ধি; তাহলে তার কাছে যেটা প্রাধান্য পেয়েছে সেটার উপর ভিত্তি

করে সে নামায পূর্ণ করবে এবং সালাম ফেরানোর পর সাহু সিজদাহ দিবে।

নতুবা তার কাছে দুটির কোনোটি প্রাধান্য পাবে না। তখন তার যতটুকুর উপর দৃঢ় বিশ্বাস আছে তথা কম সংখ্যা, ততটুকু ধরে নিয়ে নামায পূর্ণ করবে এবং সালাম ফেরানোর আগে সাহু সিজদাহ দিবে।

যেমন: এক লোক যোহর পড়ছিল। তার সন্দেহ হল সে কি তৃতীয় রাকাতে আছে; নাকি চতুর্থ রাকাতে? তার মনে প্রাধান্য পেল যে এটা তৃতীয় রাকাত। সে আরেকে রাকাত পড়ে সালাম ফিরাবে। তারপর সাহু সিজদাহ দিবে।

আর যে ক্ষেত্রে সন্দেহের দুটো দিক সমান সেটার উদাহরণ হলো: এক লোক যোহরের নামায পড়ছিল। তার সন্দেহ হল যে সে কি তৃতীয় রাকাতে আছে; নাকি চতুর্থ রাকাতে? তৃতীয় নাকি চতুর্থ এর কোনোটি তার কাছে প্রাধান্য পেল না। এমতাবস্থায় সে একীনের উপর নির্ভর করবে। একীন হলো কমটাকে ধরা। তথা সে সেটোকে তৃতীয় রাকাত হিসেবে গণ্য করবে। তারপর আরেকে রাকাত পড়বে এবং সালাম ফেরানোর আগে সাহু সিজদাহ দিবে।

## ছয়: সাহু সিজদার স্থান

পূর্বোক্ত আলোচনার মাধ্যমে ফুটে উঠল যে সাহু সিজদাহ সালামের আগে দিতে হয়: যদি কোনো ওয়াজিব ত্যাগ করে অথবা রাকাত-সংখ্যা নিয়ে সন্দেহে পড়ে যায় এবং তার কাছে কোনো দিক প্রাধান্য না পায়।

আর সালামের পরে দিতে হয়: যদি সে নামাযে কোন কিছু বৃদ্ধি করে অথবা সন্দেহে পতিত হয়, তবে সন্দেহের কোন একটি দিক তার কাছে প্রাধান্য পায়।

দেখুন: [মাজমূ ফাতাওয়াশ শাইখ ইবনে উছাইমীন (১৪/১৪-১৬)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।